



Bellevue Hospital Center
Gouverneur Healthcare Services
Elmhurst Hospital Center

শিশু চিকিৎসা বিষয়ক তথ্যপত্র

সংক্ষিপ্তসার

ওয়াল্ড ট্রেড সেন্টার (বিশ্ব বাণিজ্য কেন্দ্র) এনভায়রনমেন্টাল হেলথ সেন্টারে শিশুদের জন্য একটি কর্মসূচি আছে যা শিশু ও কিশোর-কিশোরীদের মধ্যে ওয়াল্ড ট্রেড সেন্টার-সংশ্লিষ্ট রোগগুলোর মূল্যায়ন ও চিকিৎসার জন্য নিবেদিত। আমাদের শিশু চিকিৎসা কর্মসূচিটি ফার্স্ট অ্যাভিনিউ ও 27th স্ট্রিটে অবস্থিত বেলভিউ হসপিটালে অবস্থিত। কেন্দ্রটির শিশু চিকিৎসা কর্মসূচিটি অনেকগুলো ভিন্ন ভিন্ন পরিষেবা নিয়ে গঠিত যাতে রয়েছে শিশুরোগ চিকিৎসা, শিশু মনোবিজ্ঞান, এবং ক্রিয়েটিভ আর্টস থেরাপি।

ওয়াল্ড ট্রেড সেন্টার এনভায়রনমেন্টাল হেলথ সেন্টার হচ্ছে একটি সেন্টার অব এক্সেলেন্স এবং কমিউনিটি সংগঠনসমূহ ও ৯/১১ এর দ্বারা ক্ষতিগ্রস্ত অধিবাসীদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করে। আপনি যদি ফি দিতে নাও পারেন অথবা আপনার যদি স্বাস্থ্য বিমা নাও থাকে তবুও আপনার ছেলেমেয়েরা চিকিৎসা পেতে পারে।

বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলি

৯/১১ এর কারণে শিশুরা যে ধরনের স্বাস্থ্য সমস্যায় পড়তে পারে সেগুলো কী কী?

শিশুদের মেডিকেল স্বাস্থ্যের ওপর ৯/১১ এর প্রভাব সম্পর্কে আমরা এখনো শিখছি। ৯/১১ এর সাথে যোগসূত্র থাকতে পারে এমন স্বাস্থ্য সমস্যাগুলোর মধ্যে থাকতে পারে শ্বাস-প্রশ্বাসের সমস্যা, সাইনাসের রোগ, নাক বন্ধ হয়ে যাওয়া এবং পেটের পীড়া। ডব্লিউটিসি-সংশ্লিষ্ট সম্ভাব্য লক্ষণগুলোর মধ্যে রয়েছে শ্বাসকষ্ট, দীর্ঘদিন ধরে কাশি, শ্বাস নেয়ার সময় শনশন শব্দ হওয়া, বুক জ্বলা, বদহজম, সাইনাসে সমস্যা, এবং মাথা ব্যথা।

এছাড়াও শিশুদের বা তাদের পরিবারের ৯/১১ এর অভিজ্ঞতার কারণে শিশুদের মানসিক বা আচরণগত সমস্যা হতে পারে। ৯/১১ এর ঘটনাগুলোর প্রত্যক্ষ সংস্পর্শে আসার কারণে অথবা পরিবারের কোনো সদস্যের ৯/১১-সংশ্লিষ্ট স্বাস্থ্য বা মানসিক স্বাস্থ্যের কারণে এই সমস্যাগুলো দেখা দিতে পারে। সাধারণ সমস্যাগুলোর মধ্যে রয়েছে দুশ্চিন্তা, বিষন্নতা, এবং আচরণগত বিষয়সমূহ।

কারা যোগ্য?

- যে সব শিশুরা লোয়ার ম্যানহাটান বা ব্রুকলিন এলাকায় বসবাস করতো
- যে সব শিশুরা লোয়ার ম্যানহাটান বা ব্রুকলিন এলাকার স্কুলগুলোতে পড়তো
- যে সব শিশুদের পরিবারের সদস্যরা সরাসরি ৯/১১ এর সংস্পর্শে এসেছিলেন, এদের মধ্যে রয়েছে উদ্ধারকারী ও পরিচ্ছন্নতা কর্মীদের শিশুরা
- যে সব শিশুদের মায়েরা ৯/১১ এর সময় গর্ভবতী ছিলেন এবং সরাসরি ৯/১১ এর সংস্পর্শে এসেছিলেন

অন্যান্য শিশুরাও যোগ্য হতে পারে। আপনার সন্তান যোগ্য কিনা সেই বিষয়ে আপনার কোনো প্রশ্ন থাকলে, অনুগ্রহ করে আমাদেরকে টোল-ফ্রি নম্বর 1-877-WTC-0107 -এ ফোন করুন।

যাদের বয়স বর্তমানে ১৮ বছর বা তারচেয়ে বেশি তাদেরকে আমাদের বয়স্ক ডব্লিউটিসি কর্মসূচিতে মূল্যায়ন করা উচিত। ডব্লিউটিসি এনভায়রনমেন্টাল হেলথ সেন্টারের অবস্থানগুলো হচ্ছে বেলভিউ হসপিটাল, লোয়ার ম্যানহাটানে অবস্থিত গভর্নর হেলথকেয়ার সার্ভিসেস, এবং কুইন্সে অবস্থিত এলমহাস্ট হসপিটাল সেন্টার। এই তিনটি শাখা বয়স্কদের চিকিৎসা অব্যাহত রেখেছে যারা ডব্লিউটিসিতে হামলার সময় খুলা ও ধোঁয়ার সন্মুখীন হওয়ার কারণে স্বাস্থ্য সমস্যায় ভুগছেন। বয়স্কদের জন্য ডব্লিউটিসি-এর ক্লিনিকগুলোতে অ্যাপয়েন্টমেন্ট করার জন্য, অনুগ্রহ করে আমাদেরকে 1-877-WTC-0107 টোল ফ্রি নম্বরে ফোন করুন।

আমি কীভাবে বুঝবো যে আমার সন্তানের স্বাস্থ্য সমস্যাগুলো ৯/১১-তে সংঘটিত ডব্লিউটিসি'র সংস্পর্শে আসার কারণে হয়েছে?

স্বাস্থ্য সমস্যাগুলো ৯/১১-এর সাথে সুনির্দিষ্টভাবে সম্পর্কযুক্ত কিনা তা জানাটা কঠিন। যদি আপনি মনে করেন যে আপনার সন্তানের কোনো স্বাস্থ্য সমস্যা ৯/১১-এর সাথে সম্পর্কযুক্ত, তাহলে অ্যাপয়েন্টমেন্টের জন্য ফোন করুন: 1-877-WTC-0107. আমাদের কর্মসূচিটি আপনার সন্তানের জন্য উপযুক্ত কিনা তা নির্ধারণের জন্য আমাদের কর্মী আপনাকে অনেকগুলো প্রশ্ন করবেন।

এটা কি একটা গবেষণা কর্মসূচি?

এই কর্মসূচির মূল উদ্দেশ্য হচ্ছে শিশুদেরকে ৯/১১ এর সাথে সংশ্লিষ্ট স্বাস্থ্য সমস্যাগুলোর চিকিৎসা দেয়া। যখন আপনার সন্তান পরীক্ষার জন্য আসবে, ৯/১১ এর স্বাস্থ্য সমস্যাগুলো বোঝার জন্য গবেষণার অংশ হওয়ার মাধ্যমে আমাদেরকে ডব্লিউটিসি-সংশ্লিষ্ট অসুস্থতাগুলো সম্পর্কে আরো জানতে সাহায্য করার জন্য আপনার পরিবারকে সুযোগ দেয়া হবে। এই গবেষণায় ব্যবহৃত আপনার সন্তানের চিকিৎসা সম্পর্কিত তথ্য পাওয়ার জন্য একটি সম্মতিপত্রে স্বাক্ষর করার জন্য আপনি সুযোগ পাবেন। আপনার সন্তানের নাম ও ব্যক্তিগত যোগাযোগের তথ্য ব্যবহার করা হবে না। আপনার সন্তান এই গবেষণায় অংশগ্রহণ করবে কিনা সেই সম্পর্কে আপনার সিদ্ধান্ত আপনার সন্তানের স্বাস্থ্যসেবায় কোনো প্রভাব ফেলবে না।

আমার সন্তানের জন্য আমি কীভাবে একটি অ্যাপয়েন্টমেন্ট পেতে পারি?

1-877-WTC-0107 টোল-ফ্রি নম্বরে ফোন করুন। আপনি একজন অপারেটরের সাথে কথা বলতে পারেন অথবা আপনি ভয়েসমেইলের সাথে সংযুক্ত হবেন এবং আপনাকে বলা হবে একটা মেসেজ রাখার জন্য এবং সেইসাথে একটা টেলিফোন নম্বর এবং আপনাকে ফোন করার জন্য সবচেয়ে সুবিধাজনক সময় সম্পর্কে জানানোর জন্য। এক কর্মদিবসের মধ্যে আপনাকে ফোন (কলব্যাক) করা হবে। ফোন কলকারীরা স্বচ্ছন্দে তাদের পছন্দনীয় ভাষায় মেসেজ রাখতে পারেন।

আমার সন্তানের প্রথম অ্যাপয়েন্টমেন্টের সময় কী ঘটবে?

আপনার সন্তানের প্রথম অ্যাপয়েন্টমেন্ট কয়েক ঘন্টা স্থায়ী হবে এবং এতে অন্তর্ভুক্ত থাকবে একটা পূর্ণাঙ্গ স্বাস্থ্য মূল্যায়ন ও পরীক্ষা, মেডিকেল স্বাস্থ্য পরীক্ষা, এবং ডব্লিউটিসি-সংশ্লিষ্ট সন্তান্য লক্ষণগুলো মূল্যায়নের জন্য অনেক ধরনের পরীক্ষা। এই পরীক্ষাগুলোর মধ্যে থাকতে পারে রক্ত পরীক্ষা, এক্স-রে, এবং শ্বাস-প্রশ্বাসের পরীক্ষা। প্রাথমিক মূল্যায়নের পর, ডব্লিউটিসি-সংশ্লিষ্ট যে কোনো রোগের জন্য একটা বহুমুখী চিকিৎসা পরিকল্পনা তৈরি করা হয়। ৯/১১-সংশ্লিষ্ট যে কোনো রোগের চিকিৎসার জন্য আপনার সন্তানকে আরো কয়েকবার আসতে হতে পারে।

আমার সন্তানের চিকিৎসার জন্য কেমন খরচ পড়বে?

আপনার সন্তানের ডব্লিউটিসি-সংশ্লিষ্ট অসুস্থতার চিকিৎসা এবং অধিকাংশ ওষুধের জন্য আপনার পকেট থেকে কোনো অর্থ খরচ করতে হবে না।

আমার সন্তানের যদি এমন অসুস্থতা থাকে যা ৯/১১ এর সাথে সংশ্লিষ্ট নয় তাহলে কী হবে?

ডব্লিউটিসি-এর সংস্পর্শে আসার কারণে হয়নি এমন যে কোনো অসুস্থতার জন্য ডব্লিউটিসি এনভায়রনমেন্টাল হেলথ সেন্টারের শিশু চিকিৎসক দল আপনাকে অন্য কোনো ক্লিনিকে রেফার করবেন। অর্থ প্রদানের সক্ষমতা, বিমা বা অভিবাসনগত অবস্থা যাই হোক না কেন, যাদের প্রয়োজন তাদের যে কাউকে মানসম্মত স্বাস্থ্যসেবা দেয়ার জন্য আমরা প্রতিশ্রুতিবদ্ধ।

বর্তমানে আমার সন্তানের কোনো স্বাস্থ্য সমস্যা না থাকলে কী হবে?

এটি হচ্ছে শিশুদের জন্য একটি চিকিৎসা কর্মসূচি যাদের সক্রিয় লক্ষণ রয়েছে। যে সব শিশুদের কোনো স্বাস্থ্য সমস্যা নেই তাদের জন্য এটি কোনো পরীক্ষা বা পর্যবেক্ষণ কর্মসূচি নয়।

৯/১১ এর সাথে সংশ্লিষ্ট স্বাস্থ্য সম্পর্কিত বিষয়গুলো সম্পর্কে আমি কোথায় আরো তথ্য পেতে পারি?

আরো তথ্য ও উপকরণের জন্য নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব হেলথ অ্যান্ড মেন্টাল হাইজিনের ওয়েবসাইট www.nyc.gov/9-11health দেখুন।